

পশ্চিমবঙ্গ সরকার  
মৎস্য অধিকর্তার করণ  
৩১, জি. এন ব্লক, সেক্টর - ৫,  
সল্টলেক, কলকাতা ৭০০ ০৯১

স্মারক সংখ্যা: MW 1543 /SS-11/03/2024

তারিখ 11/03/2024

**পশ্চিমবঙ্গ সমুদ্র সাথী প্রকল্প ২০২৪**

পশ্চিমবঙ্গ সরকার ২০২৪-২৫ আর্থিক বছর থেকে সামুদ্রিক মৎস্যজীবীদের জন্য 'সমুদ্রসাথী প্রকল্প ২০২৪' চালু করতে চলেছেন। এই প্রকল্পের আওতায় চার জেলা, উত্তর ২৪ পরগনা, দক্ষিণ ২৪ পরগনা, পূর্ব মেদিনীপুর এবং হাওড়ার প্রতিটি নথিভুক্ত সামুদ্রিক মৎস্যজীবীগণকে, পশ্চিমবঙ্গ সরকার, সামুদ্রিক মৎস্য শিকারের নিষেধাজ্ঞা কালীন সময়ে (১৫ই এপ্রিল থেকে ১৪ই জুন) দুই মাস, প্রতি মাসে ৫০০০ টাকা করে (মোট ১০,০০০ টাকা) সহায়তা প্রদান করবে।

এই প্রকল্পে আগ্রহী সামুদ্রিক মৎস্যজীবীগণ, অনলাইন (<https://wbfisheries.wb.gov.in>) ও অফলাইনে আবেদন করতে পারবেন। আবেদনের বিষয়ে বিশদ বিবরণের জন্য মৎস্যজীবীদের নিজ নিজ ব্লক অফিসে মৎস্য সম্প্রসারণ আধিকারিকের (Fishery Extension Officer) সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হচ্ছে।

মৎস্য অধিকর্তা  
পশ্চিমবঙ্গ সরকার